

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
তিন সপ্তাহেও কাটেনি
অচলাবস্থা, উদ্ভিন্ন
শিক্ষক-শিক্ষার্থীরা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

তিন সপ্তাহেও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা কাটেনি। শিক্ষক লাঞ্চিত হওয়ার ঘটনায় অভিযুক্তদের বহিষ্কারের দাবিতে শিক্ষক সমিতি কর্মবিরতির ডাক দেওয়ার সব বিভাগের অধিকাংশ ক্লাস বন্ধ রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সভাপতি সহযোগী অধ্যাপক মো. সানোয়াহ ফেরেন যৌন নিপীড়নের অভিযোগ থেকে অব্যাহতি পাওয়ার পর গত ২১ অক্টোবর শিক্ষার্থীদের হাতে শুল্কিত হন। এ ঘটনায় সাময়িকভাবে বহিষ্কৃত হন বিভাগের ছয় শিক্ষার্থী। অভিযুক্তদের যুগ্ম বহিষ্কারের দাবিতে শিক্ষক সমিতি গত ৩ নভেম্বর থেকে কর্মবিরতি পালন করছেন।

বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা বলেন, আগামী ৩ ডিসেম্বর থেকে দ্বি- ও শীতকালীন ছুটি শুরু হচ্ছে। জানুয়ারিতে প্রথম বর্ষ স্নাতক সম্মান প্রোগ্রাম জরি পরীক্ষা থাকায় নভেম্বরে কোর্স শেষ করে পরীক্ষার প্রস্তুতি নেওয়ার কথা ছিল। কিন্তু শিক্ষকদের কর্মবিরতির কারণে তা সম্ভব হচ্ছে না। ফলে তাদের প্রায় তিন মাসের সেগন ঘাটে পড়তে হবে।

অধ্যাপক আনু মুহাম্মদের নেতৃত্বাধীন শিক্ষক মঞ্চ সমিতি শিক্ষকদের আন্দোলনের সঙ্গে দ্বিমত পোষণ করেছে। অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, তদন্ত ছড়াই ছয় শিক্ষার্থীকে একতরফাভাবে সাময়িক বহিষ্কার করা হয়েছে। শিক্ষকদের কর্মবিরতির ফলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় তিনি উদ্বেগ প্রকাশ করেন।

অধ্যাপক আবদুল বায়েসের নেতৃত্বাধীন প্রগতিশীল শিক্ষক সমাজও ছাত্রনেতাদের বিপক্ষে রয়েছে বলে জানা যায়। এদিকে শিক্ষকদের আন্দোলনের পেছনে নাবেক এক উপাচার্যের ইচ্ছন রয়েছে বলেও কেউ কেউ বলছেন। অভিযোগ অস্বীকার করে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অমিত কুমার মজুমদার প্রথম আলোকে বলেন, শিক্ষক লাঞ্চিত হওয়ার প্রতিবাদেই তাঁরা এ অবস্থান নিতে বাধ্য হয়েছেন।